

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ভেড়ামারা, কুষ্টিয়া।  
[www.bheramara.kushtia.gov.bd](http://www.bheramara.kushtia.gov.bd)

**জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে ‘আমার চোখে বঙ্গবন্ধু’ বিষয়ে উপজেলা পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত বাছাই কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি	:	আকাশ কুমার কুন্ডু
সভার তারিখ	:	উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া। ১৭ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ।
সভার সময়	:	বিকাল ০৩.৩০ ঘটকা।
সভার স্থান	:	বিকাল ০৩.৩০ ঘটকা। উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া এর অফিস কক্ষ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি জানান স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর রাজনৈতিক দর্শন, আদর্শ, কর্মজীবনের অনুপ্রেরণা কোমলমতি ছাত্র-ছাত্রীদের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ‘আমার চোখে বঙ্গবন্ধু’ বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের সিক্ষান্ত গ্রহণ করা হয়েছে। ছাত্র-ছাত্রীরা ‘আমার চোখে বঙ্গবন্ধু’ বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতায় অংশগ্রহণের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ব্যক্তি ও শিক্ষা জীবন, রাজনৈতিক জীবন, স্বাধীনতা সংগ্রামে তাঁর আত্মত্যাগ, সোনার বাংলা বিনির্মাণে তাঁর চেতনা ও দর্শন, আন্তর্জাতিক ক্ষেত্রে তাঁর ভাবমূর্তি এবং শোকাবহ ১৫ আগস্ট সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে ‘আমার চোখে বঙ্গবন্ধু’ বিষয়ে উপজেলা পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন করার বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জুন ২০২৩ খ্রি. তারিখের ৪৭১ নং কার্যবিবরণী পাঠ করে শোনান হয়।

০২। উক্ত বিষয়ে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা আয়োজনের জন্য ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে এ উপজেলা প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষার্থীদের ১ মিনিটের ‘আমার চোখে বঙ্গবন্ধু’ ভিডিও চিত্র প্রেরণ করা জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

০৩। উল্লিখিত বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে এ উপজেলায় প্রামিক পর্যায়ে ৫৮ টি, মাধ্যমিক পর্যায়ে ৩০ টি এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ০৩ টি ১মিনিটের ভিডিও চিত্র প্রাপ্ত ভিডিও চিত্র সমূহ উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটি কর্তৃক ব্যপকভাবে যাচাই-বাছাই করে ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ করা হয়। প্রাথমিক পর্যায়ে ১ম স্থান অর্জনকারী, মাধ্যমিক পর্যায়ে ১ম স্থান অর্জনকারী এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১ম স্থান অর্জনকারীর ভিডিও সমূহ গুগল ড্রাইভ লিংকের মাধ্যমে জেলায় প্রেরণের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়।

০৪। উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত ১ম স্থান অর্জনকারীর ১ মিনিটের ভিডিও সমূহ জেলায় প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিক্ষান্ত গৃহিত হয়। তিনটি গুপ্তের ১ম, ২য় এবং ৩য় স্থান অর্জনকারীর প্রতিযোগির নাম নিম্নরূপ:

গুপ্ত	প্রতিযোগির নাম	শ্রেণী ও রোল	স্থুল/কলেজের নাম
‘ক’	১ম মো: আসাদ আলী	দ্বাদশ	ভেড়ামারা সরকারি কলেজ
	২য় মো: পলাশ	দ্বাদশ	ভেড়ামারা সরকারি কলেজ
	৩য়	-	-
‘খ’	১ম খাদিজা বিন আরিফ	৭ম, ৭৪	ভেড়ামারা সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়
	২য় মো: রাফিদ হাসান	১০ম	ভেড়ামারা সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়
	৩য় লামিয়া ইসলাম মাইশা	৬ষ্ঠ, ২৯	ভেড়ামারা সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়
‘গ’	১ম মোছা: হসাইরা আকত্তার তামিমা	৪র্থ, ০৯	রামচন্দ্রপুর ডবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
	২য় মোছা: সুবি খাতুন	৫ম, ০২	রামকৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
	৩য় মোছা: মহিমা আকত্তার মাহি	৫ম	সবুজকলি আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(আকাশ কুমার কুন্ডু)  
উপজেলা নির্বাহী অফিসার  
ভেড়ামারা, কুষ্টিয়া।